গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ঘোড়াঘাট, দিনাজপুর।
www.ghoraghat.dinajpur.gov.bd

তারিখ: ০১ /০১/২০২৬ খ্রি:

স্মারক নং-০৫.৫৫.২৭৪৩.০০০.৩১.০০১.২০২৬- ০১

## সরকারি জলমহাল ইজারা আবেদনপত্র আহ্বানের বিজ্ঞপ্তি

এতদ্বারা সমবায় অধিদপ্তর ও সমাজসেবা অধিদপ্তর হতে নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবী সমিতিদেরকে জানানো যাচ্ছে যে, ঘোড়াঘাট উপজেলাধীন খাস বদ্ধ জলাশয়/জলমহাল পুকুর (২০ একর পর্যন্ত) শর্ত সাপেক্ষে বাংলা ১৪৩৩-১৪৩৫ সন পর্যন্ত ০৩ (তিন) বৎসর মেয়াদে ইজারা বন্দোবস্ত প্রদানের লক্ষ্যে ভূমি মন্ত্রণালয়ের সায়রাত-১ অধিশাখার ০৮ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ: ২৩ নভেম্বর ২০২৫ খ্রি: ও জেলা প্রশাসকের কার্যালয়ের ০৩ পৌষ ১৪৩২ বঙ্গাব্দঃ ১৮ ডিসেম্বর, ২০২৫ খ্রিঃ তারিখের ০৫.৫৫.২৭০০.০১১.০৫.০৫২.১৮.১৮৭৩ নং প্রজ্ঞাপন অনুযায়ী আগ্রহী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমিতির নিকট হতে www.land.gov.bd অথবা jm.lams.gov.bd ওয়েবসাইট (website) এ প্রবেশ করে অনলাইনে (Online) আবেদন পূরণপূর্বক দাখিল করতে হবে। উপজেলা নির্বাহী অফিসার, ঘোড়াঘাট, দিনাজপুর এর অনুকূলে ৫০০/- (পাঁচশত) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) জমা প্রদানপূর্বক আবেদনের প্রিন্ট কপি, জামানতের মূল কপি সহ অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র সীলমোহরকৃত খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ঘোড়াঘাট, দিনাজপুর এ রক্ষিত টেন্ডার বক্সে নিম্নলিখিত নির্ধারিত সময়সূচি মোতাবেক গ্রহণ করা হবে। উল্লেখ্য যে, অনলাইনে (Online) আবেদন দাখিল ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না।

### ক্যালেন্ডার/সময়সূচি

| ক্র: নং | গৃহীত কার্যক্রম | তারিখ |
|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় কর্তৃক বিজ্ঞপ্তির মাধ্যমে সাধারণ আবেদনে সরকারি জলমহাল ইজারার আবেদন আহবান | ২১ পৌষের মধ্যে ১৪৩২ বঙ্গাব্দ (০৫ জানুয়ারি ২০২৬ খ্রি:) |
| ০২ | অনলাইনে সরকারি জলমহাল ইজারার আবেদন দাখিল | ০১ মাঘ থেকে ১৫ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ (১৫ জানুয়ারি ২৯ জানুয়ারি ২০২৬ খ্রি: পর্যন্ত) |
| ০৩ | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল | ১৮ মাঘ হতে ২০ মাঘ এর পরবর্তী ৩ (তিন) কার্যদিবসের মধ্যে (০১ ফেব্রুয়ারী থেকে ০৩ ফেব্রুয়ারী ২০২৬ খ্রি: পর্যন্ত) |
| ০৪ | অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই-বাছাই | ২২ মাঘ হতে ২৮ মাঘের মধ্যে (০৫ ফেব্রুয়ারী হতে ১১ ফেব্রুয়ারী ২০২৬ খ্রি: পর্যন্ত) |
| ০৫ | উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন | ২৯ মাঘ হতে ০৫ ফাল্গুনের মধ্যে (১২ ফেব্রুয়ারী হতে ১৮ ফেব্রুয়ারী ২০২৬ খ্রি: পর্যন্ত) |
| ০৬ | ইজারা অনুমোদনের জন্য জেলা প্রশাসক বরাবর প্রেরণ (প্রযোজ্য ক্ষেত্রে) এবং জেলা প্রশাসক কর্তৃক অনুমোদন | ০৬ ফাল্গুণ থেকে ২৬ ফাল্গুনের মধ্যে (১৯ ফেব্রুয়ারী হতে ১১ মার্চ ২০২৬ খ্রি:) |
| ০৭ | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারাগ্রহীতাকে অবহিতকরণ | ২৭ ফাল্গুণ হতে ০২ চৈত্র মধ্যে (১২ মার্চ হতে ১৬ মার্চ ২০২৬ খ্রি:) |
| ০৮ | ইজারাগ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে সাকুল্যে ইজারামূল্য ও অন্যান্য সরকারি করাদি জমা প্রদান এবং ইজারাগ্রহীতার সাথে চুক্তি সম্পাদন | ০৩ চৈত্র হতে ১৫ চৈত্রের মধ্যে (১৭ মার্চ হতে ২৯ মার্চ ২০২৬ খ্রি:) |
| ০৯ | ইজারা গ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া | ১ বৈশাখ ১৪৩৩ (১৪ এপ্রিল ২০২৬ খ্রি:) |

জলমহালের ইজারা সংক্রান্ত শর্তাবলিসহ তালিকা www. ghoraghat. dinajpur. gov. bd এবং www. acl. ghoraghat. dinajpur. gov. bd- এ ওয়েবসাইটে পাওয়া যাবে। এছাড়াও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ঘোড়াঘাট, দিনাজপুর এবং সহকারী কমিশনার (ভূমি), ঘোড়াঘাট, দিনাজপুর এর নোটিশ বোর্ডে পাওয়া যাবে। যে কোন আবেদন গ্রহণ/বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করবেন।

০১/০১/২৬

রুবানা তানজিন
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
ঘোড়াঘাট, দিনাজপুর।

CamScanner

## শর্তাবলী:

১। সকল সরকারি জলমহাল ০৩(তিন) বৎসর মেয়াদে ইজারা প্রদান করা হবে।

২। প্রকৃত মৎস্যজীবী সমিতি/সংগঠন স্থানীয় পর্যায়ে সমবায় অধিদপ্তর বা সমাজসেবা অধিদপ্তরে নিবন্ধিত হয়ে ইজারায় অংশগ্রহণ করতে হবে।

৩। জলমহালের তীরবর্তী বা নিকটবর্তী প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/মৎস্যজীবী সমিতিকে অগ্রাধিকার দেয়া হবে।

৪। কোন ব্যক্তি বা কোন অনিবন্ধিত সমিতি/প্রতিষ্ঠান জলমহাল ইজারার জন্য আবেদন করতে পারবেন না।

৫। আগ্রহী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি ও মৎস্যজীবী সমিতি/সংগঠন-এ যদি কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নহেন, তাহলে উক্ত সমিতি জলমহাল বন্দোবস্তের অযোগ্য বিবেচিত হবে। এছাড়া আবেদনকারী মৎস্যজীবী সংগঠন/সমিতি যেগুলো বর্তমানে কার্যকর আছে তার প্রমাণস্বরুপ জেলা বা উপজেলা সমবায়/সমাজসেবা কর্মকর্তা (যেখানে যাহা প্রযোজ্য) কর্তৃক প্রত্যয়নপত্র আবেদন পত্রের সাথে দাখিলসহ বিগত দুই বছরের অডিট রিপোর্ট জমা দিতে হবে।

৬। জলমহাল সরেজমিন পরিদর্শন করে জলমহাল সম্পর্কে বিভিন্ন তথ্য জেনে নিশ্চিত হয়ে দরপত্র জমা দিতে হবে। পরবর্তীতে এ সংক্রান্ত কোন অভিযোগ গ্রহণযোগ্য হবে না।

৭| কোন ক্রমেই কোন প্রকৃত মৎস্যজীবী সমিতি/সংগঠন দুটির সর্বোচ্চ জলমহাল ইজারা/বন্দোবস্ত পাবেন।

৮| আগ্রহী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সংগঠনকে নির্ধারিত পদ্ধতিতে আবেদন করতে হবে। আবেদন পত্রের সাথে প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমিতির নির্বাচিত কমিটি, সকল সদস্যের তালিকা, গঠনতন্ত্রের কপি, ব্যাংক একাউন্টে লেনদেনের প্রত্যয়নপত্রসহ প্রয়োজনীয় তথ্য ও আবেদনকারীর সত্যায়িত ছবি ০১ (এক) কপি সংযোজন করতে হবে। এছাড়া সংশ্লিষ্ট মৎস্যজীবী সংগঠন/সমিতি ০৩ (তিন) বছর মেয়াদে লীজ পাওয়ার লক্ষ্যে সংশ্লিষ্ট জলমহালের মৎস্য চাষ/উৎপাদন/সুষ্ঠু ব্যবস্থাপনা পরিকল্পনা/রূপরেখা সংযুক্ত করতে হবে। আবেদন অসম্পূর্ণ থাকলে তা সরাসরি বাতিল করা হবে।

৯। আবেদনকারীকে উপজেলা নির্বাহী অফিসার, ঘোড়াঘাট, দিনাজপুর এর অনুকূলে সংশ্লিষ্ট জলমহালের উদ্ধৃত ইজারা মূল্যের ৩০% জামানত বাবদ সোনালী ব্যাংক, ওসমানপুর শাখা হতে বিডি/পে-অর্ডার আবেদনপত্রের সহিত দাখিল করতে হবে।

১০। ইজারার জন্য প্রয়োজনীয় সনদপত্রের ফটোকপি সনদ প্রদানকারী বিভাগীয় কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।

১১। বেনামি/ভুয়া/তঞ্চকতাপূর্ণ কোন সমিতি/সংগঠনের নাম ব্যবহার করে আবেদন করা হলে অথবা কোন তথ্য গোপন করা হলে উক্ত সমিতির আবেদন সরাসরি বাতিল বলে গন্য হবে এবং উক্ত সমিতির বিরুদ্ধে আইনানুগ কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে।

১২। ইজারার সমুদয় অর্থ নির্দিষ্ট চালানে জমা প্রদানের পর এবং প্রস্তাবিত ইজারা মেয়াদ আরম্ভ হওয়ার পূর্বে ইজারা গ্রহীতাকে নিজ উদ্যোগে নির্ধারিত ফরমে (ভুমি ব্যবস্থাপনা ম্যানুয়াল মোতাবেক) ৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদন করতে হবে। অন্যথায় জলমহালের দখল হস্তান্তর করা হবে না।

১৩। ইজারা গ্রহীতা জলমহালের আয়তন হ্রাস-বৃদ্ধি করতে পারবে না। কেউ যাতে অবৈধ অনুপ্রবেশ বা বেদখল করতে না পারে তা ইজারা গ্রহীতা নিশ্চিত করবেন।

১৪। মৎস্য সংক্রান্ত আইন ইজারা গ্রহীতাকে মেনে চলতে হবে। ইজারা গ্রহীতা কোন জলাশয় সাব-লীজ অথবা অন্য কোন ব্যক্তি/গোষ্ঠীকে হস্তান্তর করতে পারবেন না এবং অন্য কোন উপায়ে তা ব্যবহার করতে পারবেন না। যদি উপরিক্ত কার্যকলাপ পরিলক্ষিত হয় বা প্রমাণিত হয় তবে ইজারা বাতিল করে জলাশয় পুনঃইজারা প্রদান করা হবে। এ ক্ষেত্রে ওই ইজারাগ্রহীতা/সমিতি ০৩(তিন) বছরের মধ্যে অপর কোন জলমহাল ইজারা আবেদন করতে পারবেন না।

১৫। ইজারা গ্রহীতা জলাশয়ের সীমারেখা বজায় রাখবেন। জলাশয়ের পাড়ে কোন বৃক্ষ থাকলে তা কর্তন করতে পারবেন না। তিনি নিজ দায়িত্বে ইজারাকৃত জলাশয়ের সরকারি সম্পত্তি সংরক্ষণ করবেন।

১৬। ইজারা গ্রহীতা জলাশয়ের পার্শ্বে বা ভিতরে কোন অবকাঠামো নির্মাণ করতে পারবেন না।

১৭। ইজারা গ্রহীতাকে বিভিন্ন সময় জারীকৃত সরকারি আদেশ/নির্দেশ মেনে চলতে হবে। ইজারা প্রদানকৃত জলাশয়ে সরকারিভাবে কোন উন্নয়ন প্রকল্প গ্রহণ করা হলে সেক্ষেত্রে ইজারা গ্রহীতাকে ইজারা কর্তৃপক্ষের সিদ্ধান্ত মেনে চলতে হবে।

১৮। ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ জনস্বার্থে ৩০ দিনের মধ্যে নোটিশ প্রদান করে ইজারা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৯। ইজারা গ্রহীতা উর্দ্ধতন সরকারি/জলাশয় ব্যবস্থাপনা কমিটির সদস্য ও ক্ষমতা প্রাপ্ত কর্মকর্তাকে যে কোন সময়ে জলমহাল পরিদর্শনের সুযোগ দিতে ও পরিদর্শন কাজে সহায়তা করতে বাধ্য থাকবেন।

২০। বছরের যে কোন সময় ইজারা প্রদান করা হোক না কেন, উক্ত ইজারা বাংলা সনের পহেলা বৈশাখ হতে কার্যকর বলে গণ্য হবে।

২১। কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন আবেদনপত্র বা সকল আবেদনপত্র গ্রহণ বা বাতিল বা অন্য কোনরূপ সিদ্ধান্ত গ্রহণ করার ক্ষমতা উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি সংরক্ষণ করবে

রুবানা তানজিন
পরিচিতি নম্বর-১৮৬৫৮
উপজেলা নির্বাহী অফিসার
ঘোড়াঘাট, দিনাজপুর।

CamScanner

## বাংলা ১৪৩৩-১৪৩৫ সন ০৩ (তিন) বৎসর মেয়াদে ঘোড়াঘাট উপজেলার ইজারাযোগ্য জলমহালের তালিকা:

| ক্রমিক নং | ইউনিয়ন | মৌজা | পুকুরের নাম | খঃ নঃ | দাগ নং: | পরিমাণ | ১৪৩৩ হতে ১৪৩৫ সন পর্যন্ত ইজারার মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | বুলাকিপুর | ভেলাইন | দাইমার বিল | ০১ | ৯৫৫ | ৩.৫৬ | ৩,৪০,০০০/- | |
| ২ | বুলাকিপুর | ভেলাইন | ছোট হাসুলির বিল | ০১ | ১০৭৮ | ০.৬০ | ৩৬,০০০/- | |
| ৩ | বুলাকিপুর | ভেলাইন | ঝলঝলির বিল | ০১ | ৬১১ | ০.৭৬ | ৪৫,০০০/- | |
| ৪ | পালশা | ভেকশী | বারচুয়া পুকুর | ০১ | ৩৬ | ০.৭৪ | ২৬,৮০০/- | |
| ৫ | পালশা | ভেকশী | কেশরগড়া | ০১ | ৮৮ | ০.৩৮ | ৮,৭০০/- | |
| ৬ | পালশা | বিশাইনাথপুর | চাতরা বিল | ০১ | ৪০৬ | ০.৭৬ | ৪১,০০০/- | |
| ৭ | পালশা | বিশাইনাথপুর | খামারের বিল | ০১ | ৬৮৪ | ১.৫১ | ৬০,০০০/- | |
| ৮ | পালশা | বিশাইনাথপুর | বড় পুকুরের বিল | ০১ | ৫২২ | ১.০৪ | ২৯,৫০০/- | |
| ৯ | পালশা | বিশাইনাথপুর | জসাহার পুকুর | ০১ | ৭১৭ | ১.১৩ | ১,৩৪,০০০/- | |
| ১০ | পালশা | ধাওয়া মাঝিয়ান | দলি পুকুর | ০১ | ৩৩০ | ০.৪৪ | ১১,৬০০/- | |
| ১১ | পালশা | ধাওয়া মাঝিয়ান | মাগুড়া বিল | ০১ | ৩১৫ | ০.৫৯ | ১৩,২০০/- | |
| ১২ | পালশা | ধাওয়া মাঝিয়ান | ভেরভেরা পুকুর | ০১ | ২৮৫ | ১.৭৪ | ৬৫,২০০/- | |
| ১৩ | সিংড়া | মারুপাড়া | মারুপাড়া পুকুর | ০১ | ৯১ | ২.২১ | ১,৮০,০০০/- | |
| ১৪ | পালশা | ধাওয়া মাঝিয়ান | কোচা পুকুর | ০১ | ৩৩৭ | ০.২৬ | ৮,২০০/- | |
| ১৫ | পালশা | চাটশাল | পানিখাচা | ০১ | ৩০০৪ | ১.০০ | ৩৭,০০০/- | |
| ১৬ | পালশা | অহিউড়া | হাড়ীগাড়ী পুকুর | ০১ | ৩৭২ | ০.৪৩ | ৪,৫০০/- | |
| ১৭ | পালশা | পালশা | টুনি পুকুর | ০১ | ১৫৩৬ | ০.২১ | ৩,৮০০/- | |
| ১৮ | পালশা | পালশা | ধনগড়া পুকুর | ০১ | ৫৭৪ | ১.৭৮ | ২৬,৫০০/- | |
| ১৯ | পালশা | পালশা | ছাগলদানি পুকুর | ০১ | ১৬২২ | ০.৮৫ | ৪৩,০০০/- | |
| ২০ | পালশা | চিয়ারগাও | গারামগারা পুকুর | ০১ | ৩৪৪ | ০.৪৭ | ২৩,০০০/- | |
| ২১ | পালশা | চিয়ারগাও | ভেরভেরী পুকুর | ০১ | ১০৯ | ১.১২ | ৩০,৫০০/- | |
| ২২ | পালশা | বেলওয়া | মিঠাপুকুর | ০১ | ৪০৪১ | ২.২৯ | ৩৬,২০০/- | |
| ২৩ | পালশা | বেলওয়া | মুরার বিল | ০১ | ৪৭১ | ৪.৪৮ | ১,৯৫,০০০/- | |

রুবানা তানজিন
পরিচিতি নম্বর-১৮৬৫৮
উপজেলা নির্বাহী অফিসার
ঘোড়াঘাট, দিনাজপুর।

CamScanner

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ২৬ | পালশা | বড়হাট্টা উচিৎপুর | গোসলকরা পুকুর | ০১ | ৯১ | ০.২১ | ৬,৫০০/- | |
| ২৭ | সিংড়া | ডাংগা | মাঝিপুকুর | ০১ | ২১৫ | ০.৪৭ | ৭,১০০/- | |
| ২৮ | সিংড়া | ডাংগা | ডাংগা পুকুর | ০১ | ৫৩ | ০.৪৬ | ৪,০০০/- | |
| ২৯ | ঘোড়াঘাট | চোরগাছা | চোরগাছা ডোবা | ০১ | ১২৮৯ | ০.৩৪ | ৭,৯০০/- | |
| ৩০ | ঘোড়াঘাট | চোরগাছা | চোরগাছা পুকুর | ০১ | ১৪০৫ | ৩.৪৩ | ২,০৬,০০০/- | |
| ৩১ | ঘোড়াঘাট | চোরগাছা | বেরার পুকুর | ০১ | ১৩০৮ | ৫.৫০ | ১,৯০,০০০/- | |
| ৩২ | ঘোড়াঘাট | শ্যামপুর | ডাক বাংলা পুকুর | ০১ | ৪৫০ | ২.০০ | ১২,১০০/- | |
| ৩৩ | ঘোড়াঘাট | শ্যামপুর | শ্যামপুর পুকুর | ০১ | ৫৪ | ০.৪০ | ৪,৫০০/- | |
| ৩৪ | ঘোড়াঘাট | | ওসমানপুর বাজার পুকুর | ০১ | ৪২৯ | ০.১৫ | ১,৫০০/- | |
| ৩৫ | ঘোড়াঘাট | কালুপুকুর | ছোট পুকুর | ০১ | ১২১৫/১৫৪৮ | ০.১৬ | ২,৫০০/- | |

রুবানা তানজিন
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
ঘোড়াঘাট, দিনাজপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
ঘোড়াঘাট, দিনাজপুর

স্মারক নং-৩১.০২.২৭৪৩.০০০.১৪.০০২.২৬. ০১ তারিখ- ০১/০১/২০২৬ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

১। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
২। জেলা প্রশাসক, দিনাজপুর।
৩। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর।
৪। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), দিনাজপুর।
৫। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), দিনাজপুর।
৬। অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, দিনাজপুর।
৭। প্রশাসক,উপজেলা পরিষদ, দিনাজপুর।
৮। প্রশাসক, ঘোড়াঘাট পৌরসভা, ঘোড়াঘাট, দিনাজপুর।

অনুলিপিঃ জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ-

৯। উপজেলা নির্বাহী অফিসার..........................(সকল), দিনাজপুর।
১০। অফিসার ইনচার্জ, ঘোড়াঘাট থানা, ঘোড়াঘাট, দিনাজপুর। তাকে বর্ণিত তারিখে নিলাম কার্যক্রমের নিরাপত্তা বিধানকল্পে প্রয়োজনীয় পুলিশ ফোর্স নিয়োগের জন্য অনুরোধ করা হলো।
১১। উপজেলা কৃষি/মৎস্য/সমবায়/সমাজসেবা/যুব উন্নয়ন/মহিলা বিষয়ক অফিসার, ঘোড়াঘাট, দিনাজপুর। বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১২। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা................... ইউনিয়ন ভূমি অফিস, ঘোড়াঘাট, দিনাজপুর কে ঢোল সহরতের মাধ্যমে ইজারা ডাকের বিষয়ে ব্যাপক প্রচারের গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১৩। সভাপতি/সম্পাদক, প্রেস ক্লাব, ঘোড়াঘাট, দিনাজপুর।

০১.১.২৬

মোঃ আব্দুল-আল-মামুন কাওসার শেখ
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য-সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
ঘোড়াঘাট, দিনাজপুর

CamScanner